ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৫৭৩

আগরতলা, ৫ জুলাই, ২০২৫

**ইআরওদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত**

রাজ্যের ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসারদের (ইআরও) নিয়ে আজ প্রজ্ঞাভবনে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে। কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, এই কর্মশালার মূল উদ্দেশ্য হল ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রকাশ এবং সহিংসা মুক্ত নির্বাচন করা। এই লক্ষ্যে নির্বাচন কমিশন প্রতিনিয়ত বিভিন্ন কর্মশালার আয়োজন করে থাকে। রাজ্য থেকেও বিভিন্ন সময়ে ইআরও এবং বিএলওরা দিল্লিতে গিয়ে কর্মশালায় অংশগ্রহণ করেছেন। সম্প্রতি রাজ্যের ৬০ জন বিএলও দিল্লিতে কর্মশালায় অংশগ্রহণ করেছেন। তিনি বলেন, এ ধরণের কর্মশালার উদ্দেশ্য হল নির্বাচন সংক্রান্ত সমস্ত ধরণের নিয়ম কানুন সম্বন্ধে ইআরও, বিএলও সহ নির্বাচনের কাজের সাথে যুক্ত কর্মীদের ওয়াকিবহাল করা। ত্রিপুরা গণতান্ত্রিক দিক থেকে একটি শক্তিশালী রাজ্য। বিগতদিনের মত আগামীদিনেও যাতে সহিংসা মুক্ত নির্বাচন করা যায় সেই প্রচেষ্টা নির্বাচন কমিশন চালিয়ে যাচ্ছে। কর্মশালায় নির্বাচন সংক্রান্ত সমস্ত নিয়ম কানুন সম্পর্কে ভালো করে জেনে নেওয়ার জন্য তিনি ইআরওদের প্রতি আহ্বান জানান। কর্মশালায় এছাড়াও অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ইউ জে মগ উপস্থিত ছিলেন। বিভিন্ন নির্বাচনী এলাকা থেকে ইআরওরা কর্মশালায় অংশগ্রহণ করেন।

******